গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫৮৩ | তারিখ: ০২ মে ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের এপ্রিল ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৫ মে ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত । | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত এপ্রিল ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক বিগত মাসের প্রাপ্ত কেইসের চেয়ে নিস্পত্তির পরিমাণ বেশী হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রাপ্ত কেইসের চেয়ে নিস্পত্তির পরিমাণ বেশী হওয়ায় এর ধারাবাহিকতা ধরে রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | আর্থিক অনুদান প্রদান সম্পর্কে নিয়ম অনুসরণ। | (ক) মালয়েশিয়ায় মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে পূর্ব নির্ধারিত জন্ম তারিখ ১৯৮৫ সালের বিষয়ে অবশ্যই মৃত ব্যক্তির পরিবারের সাথে আলাপ করে জানতে হবে মৃত ব্যক্তি কবে বিদেশ গমন করেছেন। এ বিষয়ে যথার্থতা বিবেচনা করে আর্থিক অনুদান মঞ্জুরির বিষয়ে নথি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) অত্র কার্যালয় থেকে বিভিন্ন দপ্তরে প্রেরিতব্য পত্র স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট পত্র স্বাক্ষরকারীকে অবশ্যই ভালভাবে যাচাইপূর্বক স্বাক্ষর করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | (ক) মালয়েশিয়ায় মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে পূর্ব নির্ধারিত জন্ম তারিখ ১৯৮৫ সালের বিষয়ে অবশ্যই মৃত ব্যক্তির পরিবারের সাথে আলাপ করে জানতে হবে মৃত ব্যক্তি কবে বিদেশ গমণ করেছেন। এ বিষয়ে যথার্থতা বিবেচনা করে আর্থিক অনুদান মঞ্জুরির বিষয়ে নথি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) অত্র কার্যালয় থেকে বিভিন্ন দপ্তরে প্রেরিতব্য পত্র স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট পত্র স্বাক্ষরকারীকে অবশ্যই ভালভাবে যাচাইপূর্বক স্বাক্ষর করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৩.০ | সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত কর্মীর লাশ পরিবারের নিকট হস্তান্তর। | সম্প্রতি সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত ১০ জন বাংলাদেশী কর্মীর লাশ বিমানবন্দরে আগমন করলে আগত মরদেহসমূহ মৃতের পরিবারের নিকট হস্তান্তরের সময় পরিচালক পর্যায়ের কর্মকর্তা বিমানবন্দরে গমনপূর্বক যথাযথভাবে লাশ হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। সভায় সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তিদের রুহের মাগফেরাত কামনা করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের সাথে সমবেদনা জ্ঞাপন করেন। | সম্প্রতি সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত ১০ জন বাংলাদেশী কর্মীর লাশ বিমানবন্দরে আগমন করলে আগত মরদেহসমূহ মৃতের পরিবারের নিকট হস্তান্তরের জন্য পরিচালক পর্যায়ের কর্মকর্তা বিমানবন্দরে গমনপূর্বক যথাযথভাবে লাশ হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৪.০ | অফিস কালীন পোষাক ব্যবহার। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে কর্মচারীদের প্রদত্ত পোষাক বাধ্যতামুলকভাবে অফিসে ব্যবহার করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | কল্যাণ বোর্ড হতে কর্মচারীদের প্রদত্ত পোষাক বাধ্যতামুলকভাবে অফিসে ব্যবহার করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০ | বিমানবন্দরে প্রবাসী কর্মীদের যথোপযুক্ত সেবা প্রদানের লক্ষ্যে আরো অধিকতর কার্যকর পদক্ষেপ গ্রহণ। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে প্রবাসী কর্মীদের সেবার মান অধিকতর বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান ৩ (তিন) শিফ্‌টের ৩ (তিন) জন সহকারী পরিচালকসহ প্রয়োজনীয় জনবল সংস্থানের বিষয়ে সহকারী পরিচালক জনাব মিজানুর রহমান একটি প্রস্তাব উপস্থাপন করেন। আলোচনায় উল্লেখ করা হয় যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে বহির্গমন লাউঞ্জে ৪টি ডেস্ক, আগমনী লাউঞ্জে ১টি ডেস্ক ও কার্গো শাখায় ১টি ডেস্ক রয়েছে। এ সকল ডেস্কে তিন শিফটে ২৪ ঘন্টায় ২৭ জন কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব পালন করেন। এমএলএসএস ও ড্রাইভারসহ সর্বমোট ৩৩ জন দায়িত্ব পালন করেন, যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে যথোপযুক্ত সেবা প্রদানের লক্ষ্যে অধিকতর কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রয়োজন মর্মে মহাপরিচালক সহমত প্রকাশ করেন এবং এ বিষয়ে যথার্থতা বিবেচনা করে ৩ (তিন) শিফটে ৩ (তিন) জন সহকারী পরিচালক দেয়া যায় কিনা তা বাস্তবতার নিরীখে যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে প্রবাসী কর্মীদের যথোপযুক্ত সেবা প্রদানের লক্ষ্যে অধিকতর কার্যকর পদক্ষেপ গ্রহণের নিমিত্ত যথার্থতা বিবেচনা করে ৩ (তিন) শিফটে তিন জন সহকারী পরিচালক দেয়া যায় কিনা তা বাস্তবতার নিরীখে যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে মতবিনিময় সভা। | ইতঃপূর্বে সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে অনুষ্ঠেয় মতবিনিময় সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুষ্ঠেয় মতবিনিয়ম সভা যথাসম্ভব দ্রুত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭.০ | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী অধ্যুষিত এলাকায় দ্রুত ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী অধ্যুষিত এলাকায় দ্রুত ইনোভেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৯।